# দিঘলিয়া উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

(সভা নং-৪)

সভাপতি : খান মাসুম বিল্লাহ
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক,উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।

তারিখ : ৩০ সেপ্টেম্বর ২০২৪, সোমবার

সময় : দুপুর ১২:৩০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

(উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষিত)

সভার শুরুতে উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় নিম্নরূপ বিষয়ভিত্তিক আলোচনা এবং সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত আগস্ট/২০২৪, মাসের সাধারণ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। | আগস্ট/২০২৪ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে অনুমোদিত। | উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০২ | স্থায়ী কমিটি সমূহের সভা | উপজেলা নির্বাহী অফিসার সভায় স্থায়ী কমিটির সভা নিয়মিত হচ্ছে কিনা জানতে চাইলে সংশ্লিষ্ট অফিস সহকারী জানান যে, আগস্ট/২০২৪ মাসে ০৮ টি স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণদের নিয়মিত কমিটির কার্যপত্র প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ |
| ০৩ | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত হিসাব সভায় উপস্থাপন: আগস্ট/২০২৪ মাসে উপজেলা পরিষদ কর্তৃক আয় ও ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করা হয় ।<br>সর্বমোট আয়- /-<br>মোট ব্যয়- /- | উপজেলা পরিষদের আয় সংশ্লিষ্ট হিসাবে জমা নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট ক্যাশ বইসমূহ যথারীতি সংরক্ষণ করতে হবে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট অফিস সহকারী। |
| ০৪ | উপজেলা প্রকৌশলী দপ্তর | উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে কর্মচারিদের বসবাসের জন্য যে কয়েকটি সরকারি কোয়াটার রয়েছে। সেগুলো সবগুলিই বসবাস ও মেরামত অনুপযোগী হয়ে পড়েছে। যে কারনে উক্ত কোয়ার্টারগুলো মেরামত করা সম্ভব হচ্ছে না। তিনি বলেন অত্র উপজেলার যে সমস্ত রাস্তাগুলির এখনো পর্যন্ত আইডি খোলা হয় নি। সে সকল রাস্তার নতুন আইডি খোলার প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা | সভায় বিস্তারিত আলোচনান্তে যে সকল রাস্তার আইডি খোলা হয়নি দ্রুত সে সকল রাস্তার আইডি খোলাসহ গেজেটেড কোয়াটার ও ইউটিডিসির রুম দুইটি মেরামত কাজের বিল উপজেলা পরিষদের | উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া খুলনা। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | হয়। তিনি আরো বলেন উপজেলা পরিষদের গেজেটেড কোয়াটার মধুমিতা ও ইউটিডিসি ভবনে বসবাসরত জনাব রুবায়েদ হোসেন জনাব বিপাশা দেবী তনু, মহিলা বিষায়ক, অফিসারের অফিস কক্ষ মেরামতের জন্য পৃথক পৃথক দুইটি আবেদন করেছেন। আবেদনের প্রেক্ষিতে উক্ত মেরামত কাজ জরুরী হওয়ায় স্ব স্ব বসবাস কারী ও অফিসার অফিস কক্ষটি মেরামত করে খরচের ভাউচার দাখিল করেছেন যথাক্রমে=২৪,৯৫০,/-, ২৫,০০০/- টাকা যা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করা যেতে পারে। | রাজস্ব তহবিল হতে পরিশোধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৫ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, সারাদেশে ডেঙ্গু রোগীর প্রাদুভাব চলছে। এক্ষেত্রে তিনি আমাদের প্রত্যেকের আঙ্গিনা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে তিনি সকলকে অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে আমাদের সকলের আঙ্গিনার চারপাশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা দিঘলিয়া, খুলনা। |
| ০৬ | উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, সেপ্টেম্বর/২৪ মাসের পল্লীসমাজসেবা কার্যক্রম (আর এস এস), পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) দগ্ধ ও প্রতিবন্ধী ব্যাক্তিদের পুনর্বাসন কার্যক্রমের মাসিক কিস্তি আদায় ও ঋণ দান কার্যক্রম অব্যহত রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি বিধান অনুসরণপূর্বক দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৭ | উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি অফিসার জানান যে, সেপ্টেম্বর/২৪ মাসে প্রায় ৪৩০ জন কৃষককে পোকামাকড় (বালাই) এর আগাম সতর্ক করা ও উন্নত কৃষি প্রযুক্তি বিষয় হাতে কলমে প্রশিক্ষণ দেওয়া হয়। রবি মৌসুমে/২০২৪-২৫ অর্থবছরে কৃষি প্রণোদনার আওতায় কৃষকদের মাঝে ৩০ বিঘা জমিতে উন্নতমানের গম, ১৮০ বিঘা জমিতে উন্নতমানের সরিষা, ১৩০ বিঘা জমিতে উন্নতমানের সূর্য্যমুখি, ৩০ বিঘা জমিতে উন্নতমানের শীতকালীন পেঁয়াজ ও ১৫০ বিঘা জমিতে হাইব্রিড সব্জীর বীজসহ সার বিতরণ করা হবে।মাঠে ফসলের বর্তমান অবস্থা ভাল এবং বর্তমানে সারের কোন ঘাটতি নাই। বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি বিধান অনুসরণপূর্বক বিভিন্ন প্রণোদনা সরেজমিনে যাচাই করে প্রকৃত কৃষকের মাঝে বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৮ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান যে, তার অফিসের কার্যক্রম সঠিকভাবে পরিচালনাসহ খামারী পর্যায়ে ভেটেরিনারি চিকিৎসা এবং অন্যান্য সেবা প্রদান করা হচ্ছে। তিনি বলেন উপজেলা পরিষদের মেইন গেট নির্মাণ কাজ চলমান বিধায় উপজেলা প্রাণিসম্পদ অফিসের গেটটি প্রায় বন্ধ যার ফলে গাড়ীটি অফিসের সম্মুখে নির্মিত গ্যারেজে রাখা সম্ভব হচ্ছে না। এমতাবস্থায় গাড়ীটি উপজেলা পরিষদের কোন গ্যারেজে রাখার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। তিনি আরো বলেন পরিষদের এডিপি বরাদ্দ সাপেক্ষে প্রাণিসম্পদ অফিসের গেটটি নতুনভাবে তৈরী করার জন্য অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রাণিসম্পদের অফিসের গাড়ীটি পরিষদের সম্প্রসারিত প্রশাসনিক ভবনের সম্মুখের টিন সেডে রাখাসহ প্রাণিসম্পদ অফিসের গেটটি নির্মাণের জন্য উপজেলা পরিষদ হতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ সাপেক্ষে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, ও উপজেলা প্রকৌশলী দিঘলিয়া, খুলনা। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯ | উপজেলা মহিলা বিষয়ক দপ্তর | উপজেলা মহিলা বিষয়ক অফিসার জানান যে, জুলাই/২০২৪ হতে সেপ্টেম্বর ২৪ পর্যন্ত বরাদ্দ সাপেক্ষে তিন মাসের খাদ্যশস্য বিতরণ করা হয়েছে ও প্রশিক্ষণ চলমান আছে। তিনি বলেন মা ও শিশু কর্মসূচীর নতুন উপকারভোগী করার বরাদ্দ আদেশ পাওয়া যায় নাই। চলমান উপকারভোগীর মনিটরিং চলমান আছে। তিনি বলেন কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের সকল কর্যক্রম সুষ্ঠভাবে চলছে। তিনি বলেন ক্ষুদ্র ঋণ আদায় ও বিতরন কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরো বলেন সেপ্টেম্বর ২৪ মাসে ০২ টি উঠান বৈঠক করা হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী বিধি-বিধান অনুসরন পূর্বক দাপ্তরিক কর্ম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১০ | উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা সিনিয়র মৎস্য অফিসার জানান যে, ২০২৩-২৪ আর্থবছরে রাজস্ব অর্থায়নে বাস্তবায়িত ডাকাতিয়া বিল এবং পানিগাতি বিলে স্থাপিত বিল নার্সারি ০২টি গত ১৫ সেপ্টেম্বর অতিবর্ষণে প্লাবিত হয়েছে এবং উৎপাদিত পোনা বিলে অবমুক্ত হয়েছে। তিনি বলেন আগামী ১৩ অক্টোবর হতে ০৩ নভেম্বর ২০২৪ খ্রি: মা ইলিশ সংরক্ষণ অভিযান ২০২৪ বাস্তবায়ন হতে যাচ্ছে, এসময় ইলিশ মাছ আহরণ, পরিবহন, বাজারজাতকরণ, মজুদ ও ক্রয়-বিক্রয় নিষিদ্ধ থাকবে। অভিযান বাস্তবায়নে মৎস্য অধিদপ্তর ও উপজেলা প্রশাসন নিয়মিত অভিযান ও মোবাইলকোর্ট পরিচালন করবে। তিনি আরো বলেন মা ইলিশ সংরক্ষণ অভিযান বাস্তবায়নকালে জেলেদেরকে মানবিক সহায়তা প্রদানের নিমিত্ত ইলিশ জেলেদের তালিকা হালনাগাদকরণে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান ও সচিবগণকে পত্র প্রদান করা হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী বিধি-বিধান অনুসরন ও নিয়মিত অভিযান এবং মোবাইলকোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সিনিয়র মৎস্য অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ১১ | উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, ২০২৪-২৫ অর্থবছরে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা অনুযায়ী যুব ও যুব মহিলাদেরকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হবে। চলতি মাসে বাজেট পাওয়া গেছে, বাজেট অনুযায়ী ২২/০৯/২০২৪ খ্রি: তারিখ হতে ৩০ জনের ১ম ব্যাচ প্রশিক্ষণ শুরু করা হয়েছে। প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের জন্য জেলা কার্যালয়ের বিভিন্ন ট্রেডের বিজ্ঞপ্তি দেয়া হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী বিধি-বিধান অনুসরণ পূর্বক প্রশিক্ষণ প্রদান ও ঋন প্রদান এবং ঋণ আদায় অব্যহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১২ | চেয়ারম্যান দিঘলিয়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান দিঘলিয়া ইউনিয়ন পরিষদ জানান যে, উপজেলা মৌড় সংলগ্ন যে কৃষি মাঠ রয়েছে। সেখানে পানি নিস্কাশনের ব্যবস্থা না থাকায় জলবদ্ধতার কারনে সে সকল কৃষি জমিতে আমন মৌসুমের ধান রোপন করা সম্ভব হয়নি। এতে করে ঐ সমস্ত কৃষকরা ক্ষতিগ্রস্থ হয়েছে। তিনি বলেন কৃষকদের নিয়মিত ফসল ফলানোর সুবিধার্থে কৃষিক্ষেতের পানি নিস্কাশনের ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি অনুরোধ জানান। তিনি আরো বলেন নাককাটা খালের যে সুইচ গেট রয়েছে সেটি নদীর জোয়ারের পানির অতিরিক্ত চাপে গেটটি ভেঙ্গে যাওয়ার ফলে খালের পানি উঠানামাতে অসুবিধা সৃষ্টি হচ্ছে। তাতে করে কৃষকের ফসল ফলানোর কাজে ব্যাপক ক্ষতি সাধিত হচ্ছে। তিনি আরো বলেন বিগত কয়েক বছর আগে স্থাপিত সোলার লাইটগুলো প্রায় সবগুলো নষ্ট হয়ে গিয়েছে। ঐ সমস্ত সোলার লাইটগুলো মেরামত করা প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা মৌড় সংলগ্ন ফসলের মাঠে জমে থাকা পানি নিস্কাশন ও নাককাটি খালের সুইচ গেট নির্মানের জন্য উপজেলা কৃষি অফিসের মাধ্যমে বি এ ডিসি অফিস থেকে পাইপ এর ব্যবস্থা করে পানি নিস্কাশন এবং গেট নির্মাণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার দিঘলিয়া, খুলনা। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, সকল দপ্তর প্রধানকে তার দাপ্তরিক কার্যক্রম স্বচ্ছতা, জবাবদিহিতা ও জনবান্ধব কর্মকান্ড বাস্তবায়ন করার কথা বলেন। তিনি আরো বলেন এ অর্থবছরে খাত ভিত্তিক বিভাজনের বাইরে এডিপি ও উন্নয়ন তহবিলের অর্থ বিভাজন করা যাবে না। | সভায় বিস্তারিত আলোচনান্তে এডিপি ও উন্নয়ন তহবিলের অর্থের বিপরিতে গ্রহণকৃত প্রকল্প নীতিমালার বাইরে না করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সকল দপ্তর প্রধানগণ ও উপজেলা প্রকৌশলী দিঘলিয়া, খুলনা। |

**আগস্ট/ ২০২৪ মাসে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের বিস্তারিত বিবরণ**

| মাসের নাম | ব্যয়ের বিবরণ | মোট ব্যয় |
|---|---|---|
| | ০১। উপজেলা পরিষদের এক মাসের আপ্যায়ন বাবদ = ৩০,০০০/-<br>০২। উপজেলা পরিষদের এক মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ= ৫,০০০/-<br>০৩। চেয়ারম্যান মহোদয়ের ০১আগস্ট হতে ১৮ আগস্ট/২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত সম্মানী ও বাড়ীভাড়া = ২৬,১১৮/-<br>০৪। ভাইস চেয়ারম্যানের ০১আগস্ট হতে ১৮ আগস্ট/২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত সম্মানী = ১৫,৬৬০/-<br>০৫। মহিলা ভাইস চেয়ারম্যানের ০১ আগস্ট হতে ১৮ আগস্ট /২০২৪ খ্রি: তারিখ/ পর্যন্ত সম্মানী = ১৫,৬৬০/-<br>০৬। জনাব লিয়াকত আলী খান, মালী এর আগস্ট /২০২৪ মাসের দৈনিক মজুরী ভাতা বাবদ=১৪,৩০০/-<br>০৭। জনাব স্বপন কুমার দাস, পরিচ্ছন্ন কর্মী এর আগস্ট/২৪ মাসের দৈনিক মজুরী ভাতা বাবদ=১৪,৩০০/-<br>০৮। মেসার্স মোঃ হায়দার আলী মোড়ল দিঘলিয়া, খুলনা এর নামে উপজেলা পরিষদের প্রধান প্রবেশ গেট নির্মাণ কাজের পাট বিল প্রদান বাবদ=৬,৫৮,২২৬/-<br>০৯। মোঃ হাফিজুর রহমান, অফিস সহায়ক এর নামে উপজেলা পরিষদের ৪ টি মিটারের বিদ্যুৎ বিল বাবদ=২৫,১৪৩/-<br>১০। আব্দুল হাকিম মল্লিক অফিস সহায়ক, এর নামে পরিষদের পানির মটর নতুন ক্রয় ও স্থাপনের জন্য আনুসঙ্গিক মালামাল ক্রয় এর বিল বাবদ=১৬,৫২০/-<br>১১। খান মাসুম বিল্লাহ উপজেলা নির্বাহী অফিসার, ও প্রশাসক, উপজেলা পরিষদ, দিঘলিয়া খুলনা এর আগস্ট/২৪ মাসের অতিরিক্ত ভাতা বাবদ=১,৫০০/-<br>১২। মেসার্স নগর পেট্রোলিয়াম সার্ভিস ষ্টেশন এর নামে উপজেলা পরিষদের জীপ গাড়ির জুলাই/২৪ ও ০১আগস্ট হতে ১১ আগস্ট/২৪ তারিখ পর্যন্ত জ্বালানী তেলের বিল বাবদ=৫১,৮২৭/- | ৮,৭৪,২৫৪/- |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(খান মাসুম বিল্লাহ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
দিঘলিয়া, খুলনা।
ফোন০২৪৭৭৭৩৩৮০৫

স্মারকনং-০৫.৪৪.৮৭২৫.০০১.১১.০১১.২০-

তারিখ: ৩০.০৯.২০২৪ খ্রি:

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

০১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৩। জেলা প্রশাসক, ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা।
০৪। উপজেলা ..............................................কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা।
০৫। চেয়ারম্যান, ....................................ইউপি (সকল), দিঘলিয়া, খুলনা।
০৬। জনাব ............................................. সদস্য, উপজেলা পরিষদ সাধারণ সভা, দিঘলিয়া, খুলনা।

CamScanner